

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৭.১৫.০৩৩.১৪-২১

তারিখ: ১৭ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের, মনিটরিং-১ শাখার ২৬-১২-২০১৮ খ্রি: তারিখের ৪৬.০৯৯.০১৫.০২.০২.০০২.০০৫.২০১৫-২০০ নং স্মারক মতে বিভাগীয় কমিশনারের কার্যালয়ের পরিচালক, স্থানীয় সরকার এর দপ্তরের জন্য নিম্নলিখিত শূন্যপদ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত বিভাগীয় কমিশনার অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ বিধিমালা, ১৯৮৬ মতে সিলেট বিভাগের স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে আগামী ২৮.০২.২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
সাঁটমুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর	টা: ১০২০০ - ২৪৬৮০/- (১৪নং গ্রেড)	০১ (এক)	১। উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ২। সীটলিপিতে গতি মিনিটে বাংলায় ৪৫টি ও ইংরেজীতে ৭০টি শব্দ এবং কম্পিউটার ব্যবহার সংক্রান্ত Word Processing/ Data Entry & Typing ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫টি ও ইংরেজীতে ৩০টি শব্দ।

শর্তাবলি:

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং সিলেট বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেউ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।
- নিয়োগ বিজ্ঞপ্তি, নির্ধারিত ফরমে আবেদনপত্র এবং অপূরণকৃত প্রবেশ পত্রের ফরমটি www.sylhetdiv.gov.bd ওয়েবসাইটের প্রথম পাতার 'নোটিশ বোর্ড' সেকশনে এবং এ অফিসের স্থানীয় সরকার শাখায় পাওয়া যাবে এবং নিচের লিংক থেকে ডাউনলোড করা যাবে:
<https://bit.ly/2sGXzY4>
- আবেদনপত্রটি কম্পিউটারে টাইপ করে প্রিন্ট করে আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
(ক) নির্ধারিত ফরমে প্রবেশপত্র যথাযথভাবে পূরণ করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
(খ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদের ফটোকপি।
(গ) উল্লিখিত পদের জন্য 'পরীক্ষার ফি বাবদ ১০০/- (এক শত) টাকা ট্রেজারি চালানোর মাধ্যমে ১-০৭৪১-০০০০-২০৩১ নম্বর কোডে' জমা দিয়ে চালানোর মূলকপি দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে।
(ঘ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে নিজের নাম-ঠিকানা লিখিত ১০.৫"×৪.৫" সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে। খামে ১০/- টাকার ডাক টিকেট (অব্যবহৃত) লাগাতে হবে।
(ঙ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি রঙিন ছবি (০১ কপি ছবি আবেদনপত্র ফরমে এবং ০১ কপি ছবি প্রবেশপত্রের নির্ধারিত স্থানে আঠা দিয়ে লাগাতে হবে। ০২ ছবিটি পিন দিয়ে আবেদনপত্রের সাথে সংযুক্ত থাকবে।
- প্রার্থীর বয়সসীমা ২৮.০২.২০১৯ খ্রিস্টাব্দ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে প্রতিবন্ধীদের ক্ষেত্রে এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের সন্তানদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে), এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম-ঠিকানা স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে।
- চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়। চাকুরীরত প্রার্থীদের বয়স শিথিলযোগ্য নয়।
- আগামী ২৮.০২.২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র ডাকযোগে পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট, ডাক: কদমতলী, সিলেট' এই ঠিকানায় অথবা দপ্তরে স্থাপিত দরখাস্ত গ্রহণ বাক্সে আবেদনপত্র পৌঁছাতে হবে। হাতে হাতে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রে বর্ণিত যেকোন তথ্য যেকোন পর্যায়ে ভুল/মিথ্যা প্রমাণিত হলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.sylhetdiv.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে। লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষার জন্য ০১টি মাত্র প্রবেশপত্র ইস্যু করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জন্ম নিবন্ধন সনদ, কোটা সংক্রান্ত সনদ এবং আবেদনে বর্ণিত অন্যান্য সনদের মূল কপি প্রদর্শন করতে হবে। সকল সনদ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হতে হবে।
- লিখিত, মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ কোন আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত

(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)

বিভাগীয় কমিশনার

সিলেট।